"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : **মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের "নৈতিকতা কমিটির" ১১/০২/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কামরুন নাহার<br>সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১১/০২/২০১৯ খ্রি:। |
| সময় | : | বিকাল ৪:৩০ ঘটিকা। |
| স্থান | : | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং-৩২৩, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক। |

সভাপতি মহোদয় সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে NIS Focal Point অতিরিক্ত সচিব (প্রশাসন) মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। অত:পর সভার নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (ক) | জাতীয় শুদ্ধাচার কর্ম পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে 'নৈতিকতা কমিটি' আছে কিনা সভাপতির জিজ্ঞাসার প্রেক্ষিতে, যুগ্মসচিব (প্রশাসন) সভাকে জানান যে, ২০১৩ সালে 'নৈতিকতা কমিটি' গঠন করা হয়েছে। এক্ষণে, ২০১৩ সালে গঠিত কমিটি পরিবর্তন করে নতুন করে কমিটি গঠন করা প্রয়োজন। | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ২০১৩ সালে গঠিত নৈতিকতা কমিটি পুন:গঠন করতে হবে। | * অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম<br>* যুগ্মসচিব (প্রশাসন), মশিবিম |
| (খ) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের NIS Focal Point অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৮-১৯ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mowca.gov.bd) দেয়া আছে। তিনি বলেন কর্মপরিকল্পনায় প্রত্যেক শাখা এবং অধিশাখার কাজ নির্ধারিত রয়েছে তা নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা প্রয়োজন। তা-না হলে কর্মপরিকল্পনা বাস্তবায়নে মন্ত্রণালয় পিছিয়ে পড়তে পারে। এ পর্যায়ে সভায় উপস্থিত কর্মকর্তাগণ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদনের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। সভাপতি মহোদয় মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৮-১৯ সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার অভিমত ব্যক্ত করেন। এ লক্ষ্যে মন্ত্রণালয়ের সকল দপ্তর/ সংস্থা/ শাখা কর্তৃক Time bound action plan এর মাধ্যমে যথাসময়ে সম্পন্ন করত: বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক সময়সীমা শেষ হওয়ার পূর্বেই NIS Focal Point এর নিকট দাখিল করা প্রয়োজন। | মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৮-১৯ অনুযায়ী সকল দপ্তর/ সংস্থার প্রধান এবং মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা তাঁর দপ্তর/ শাখা সংশ্লিষ্ট বিষয় যথাসময়ে সম্পন্ন করত: ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক সময়সীমা শেষ হওয়ার পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে NIS Focal Point এর নিকট দাখিল করবেন এবং মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থার সকল কর্মকর্তা কর্মচারী দায়িত্ব সঠিকভাবে পালন করবেন। | * অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম<br>* মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর<br>*নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা<br>*পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী<br>*উপসচিব/ সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (সকল), মশিবিম |

পূর্ব পৃষ্ঠার পর :

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (গ) | মন্ত্রিপরিষদ বিভাগ হতে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চার উৎসাহ প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ অনুযায়ী পুরস্কার প্রদানের বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নীতিমালাটি সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সংশোধিত নীতিমালা পাওয়ার পরে পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশনা প্রাপ্তির পর সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চার উৎসাহ প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | * মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর<br>*নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা<br>*যুগ্মসচিব (প্রশাসন), মশিবিম<br>*পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী |
| (ঘ) | বিভিন্ন সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি এবং বাল্যবিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে দপ্তর/সংস্থা কর্তৃক গণশুনানীর আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। গণশুনানীতে সাধারণ জনগণ, সুশীল সমাজ এবং সরকারি কর্মকর্তারা উপস্থিত থাকতে পারেন। এতে কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে। | সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি অবহিতকরণ এবং বাল্যবিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমী সাধারণ জনগণ, সুশীল সমাজ এবং সরকারি কর্মকর্তাদের উপস্থিতিতে গণশুনানীর আয়োজন করবে। | * মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর<br>*নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা<br>*পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী |
| (ঙ) | মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থার প্রশিক্ষণ ক্যালেন্ডারে জাতীয় শুদ্ধাচার বিষয়টি অন্তর্ভূক্ত করা হয়েছে এবং প্রশিক্ষণ জোরদারকরণের বিষয়ে আলোচনা হয়।<br><br>এছাড়া বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক পরিচালিত বিভিন্ন কোর্স এবং প্রাক-প্রাথমিক সেন্টারে শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বিস্তারিত আলাচনা হয়। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থার প্রশিক্ষণ ক্যালেন্ডারে জাতীয় শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ জোরদারকরণ এবং বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক পরিচালিত সকল কোর্সে এবং প্রাক-প্রাথমিক সকল সেন্টারে শুদ্ধাচার বিষয়ে চলমান প্রশিক্ষণ কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | * অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম<br>* মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর<br>*নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা<br>*উপসচিব (প্রশিক্ষণ), মশিবিম<br>*পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী |
| (চ) | কাজের স্বচ্ছতা, জবাবদিহিতা, গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর, সংস্থা ও একাডেমী কর্তৃক পরিচালিত প্রকল্প/ কর্মসূচি/ কার্যক্রমসমূহ ই-মনিটরিং বিষয়ে আলোচনা হয়। | কাজের স্বচ্ছতা, জবাবদিহিতা, গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর, সংস্থা ও একাডেমী কর্তৃক পরিচালিত প্রকল্প/ কর্মসূচি/ কার্যক্রমসমূহের ই-মনিটরিং জোরদার করতে হবে। | * অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম<br>* মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর<br>*নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা<br>*পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী<br>*প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |

০২। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলেকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৪/০২/২০১৯
(কামরুন নাহার)
সচিব

পূর্ব পৃষ্ঠার পর :

স্মারক নং-৩২.০০.০০০০.০১৮.১৬.০২৪.১৮-১৪৭

তারিখ : ২৭/০২/২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। অতিরিক্ত সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
০৩। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।
০৪। যুগ্মসচিব (সকল) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৫। উপসচিব/ উপপ্রধান (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, দোয়েল চত্বর সড়ক, ঢাকা।
০৮। সি: সহকারী সচিব/ সি: সহকারী প্রধান (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সহকারী সচিব/ সহকারী প্রধান (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

27.02.19

(সাবিনা ফেরদৌস)
উপসচিব
ফোন: ৯৫১২২০৮